# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone :
Office :


স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২০(৩য় খন্ড)/৬০ তারিখঃ ১৫-১১-২০২০ খ্রিঃ

## সংশোধিত দপ্তরাদেশ

পরিকল্পনা কমিশনের সিদ্ধান্তের আলোকে "সাতক্ষীরা জেলার পোল্ডার ১,২, ৬-৮ এবং ৬-৮ (এক্সটেনশন) এর নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত পরিকল্পনা কমিশনে দাখিলকৃত **ডিপিপি পুনঃগঠনের** জন্য মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ হালনাগাদ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি **পুনঃগঠন** করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা'র দপ্তর, বাপাউবো, যশোর। | সদস্য |
| ৪। | জনাব মসিহুর রাহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত পোল্ডারসমুহ পুনঃসংস্কারের জন্য জলাবদ্ধতা সৃষ্টির কারণ ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় প্রতিরক্ষা কাজ নির্ণয়/যাচাই করবেন;

গ) প্রস্তাবিত এলাকায় জলাবদ্ধতা নিরসনে IWM এর সমীক্ষায় বর্ণিত বিভিন্ন কাজের পরিমাণের যৌক্তিকতা যাচাই, নতুন কাজের অর্ন্তভুক্তি এবং মাননীয় প্রধানমন্ত্রী'র ড্রেজিং সংক্রান্ত নির্দেশনা অনুসারে প্রকল্প সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুর্নবাসনসহ অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের স্পয়েল ব্যবস্থাপনা সম্পর্কে সুনির্দিষ্ট সুপারিশমালাসহ dredged fill এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরুপণ করবেন;

ঙ) প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরুপণ করবেন এবং প্রস্তাবিত প্রকল্পে টিআরএম এর জন্য নির্ধারিত বিলের সংশ্লিষ্ট Stakeholder এর সাথে আলোচনাপূর্বক ক্ষতিপূরন ব্যয় নির্ধারণ বিষয়ক সুপারিশ প্রণয়ন করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে ডিপিপিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

জ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

ঝ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ঞ) প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ট) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ঠ) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি **অগ্রাধিকার ভিত্তিতে** সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন এবং

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৫/১১/২০

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, বাপাউবো, ঢাকা।
৩। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা'র দপ্তর, বাপাউবো, যশোর।
৫। জনাব মসিহুর রাহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
৬। জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৯। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। প্রধান পরিকল্পনা (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা/দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, ঢাকা/খুলনা।
৩-৫। পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প মূল্যায়ন দপ্তর/ পরিকল্পনা-১/খুলনা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা/ খুলনা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮-৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৮৭৭

সিনিয়র সিস্টেম এনালিস্ট